

পশ্চিমবঙ্গ সরকার

মৎস্য, মৎস্যপালন, জলজ সম্পদ ও মৎস্য বন্দর বিভাগ

আই টি বিল্ডিং, ৩১, জি এন ব্লক, অষ্টম ও নবম তল,

সেক্টর- ৫, সল্ট লেক, কলকাতা -৭০০০৯১

নং ২১৫৯-এফ আই-৩০/১/২০২০-প্রাতিষ্ঠানিক শাখা-মৎস্য বিভাগ

তাং, কলকাতা, ৩রা ডিসেম্বর, ২০২১

প্রজ্ঞাপন

২০১৩-র পশ্চিমবঙ্গ জন পরিষেবা অধিকার আইনের ৩ নং ধারা কর্তৃক প্রদত্ত ক্ষমতাবলে এবং ১৯/১১/২০১৯ তারিখের ২৯০৬-মৎস্য/সি-৩/২এম-৫৮/২০১৪(অংশ-৩) নং স্মারক অনুসারে পূর্বে প্রকাশিত প্রজ্ঞাপনের আংশিক পরিমার্জনের মাধ্যমে রাজ্যপাল সানন্দে নিম্নোল্লিখিত অনুসারে পরিষেবাসমূহ তথা পরিষেবা প্রদানের নির্ধারিত সময়সীমা, পরিষেবা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত নির্দিষ্ট আধিকারিক, আপিল আধিকারিক এবং পর্যালোচক আধিকারিক সম্পর্কে প্রজ্ঞাপিত করছেন :

ক্রমিক সংখ্যা	পরিষেবা	নির্দিষ্ট আধিকারিক		আপিল আধিকারিক		পর্যালোচক আধিকারিক	
		পদনাম	নির্ধারিত সময়সীমা	পদনাম	নির্ধারিত সময়সীমা	পদনাম	নির্ধারিত সময়সীমা
১	সামুদ্রিক মৎস্যজীবীদের জন্য জৈবমাত্রিক পরিচয়পত্র	সংশ্লিষ্ট মৎস্য সহ অধিকর্তা (সামুদ্রিক)	২০ দিন	মৎস্য উপ অধিকর্তা (সামুদ্রিক)	১০ দিন	মৎস্য অধিকর্তা, পশ্চিমবঙ্গ	৭ দিন
২	মাছ ধরার নৌকার নিবন্ধীকরণ	সংশ্লিষ্ট মৎস্য সহ অধিকর্তা (সামুদ্রিক)	১৫ দিন	মৎস্য উপ অধিকর্তা (সামুদ্রিক)	১০ দিন	মৎস্য অধিকর্তা, পশ্চিমবঙ্গ	৭ দিন
৩	মাছ ধরার নৌকার মালিকানা হস্তান্তর	সংশ্লিষ্ট মৎস্য সহ অধিকর্তা (সামুদ্রিক)	১০ দিন	মৎস্য উপ অধিকর্তা (সামুদ্রিক)	১০ দিন	মৎস্য অধিকর্তা, পশ্চিমবঙ্গ	৭ দিন
৪	মাছ ধরার মূল এলাকায় পরিবর্তন	সংশ্লিষ্ট মৎস্য সহ অধিকর্তা (সামুদ্রিক)	১০ দিন	মৎস্য উপ অধিকর্তা (সামুদ্রিক)	১০ দিন	মৎস্য অধিকর্তা, পশ্চিমবঙ্গ	৭ দিন
৫	মাছ ধরার যান্ত্রিক নৌকার ইঞ্জিন পরিবর্তন	সংশ্লিষ্ট মৎস্য সহ অধিকর্তা (সামুদ্রিক)	১৪ দিন	মৎস্য উপ অধিকর্তা (সামুদ্রিক)	১০ দিন	মৎস্য অধিকর্তা, পশ্চিমবঙ্গ	৭ দিন
৬	মীন সংরক্ষণ কেন্দ্রের শংসাপত্র	মৎস্য যুগ্ম অধিকর্তা (এম ই এবং এম এস)	৩০ দিন	মৎস্য অধিকর্তা, পশ্চিমবঙ্গ	১৫ দিন	যুগ্ম সচিব	১০ দিন

সরকারি গেজেটে প্রকাশিত হওয়ার দিন থেকে এই প্রজ্ঞাপন বলবৎ হবে।

রাজ্যপালের আদেশানুসারে,

অত্রি ভট্টাচার্য

পশ্চিমবঙ্গ সরকারের অতিরিক্ত মুখ্য সচিব